



ক্রিকেটারদের শর্ত মেনেই অব্যাহতি দিলেন নাজমুল ইসলামকে



সংগৃহীত ছবি

বাংলাদেশ ক্রিকেট বোর্ডের অর্থ কমিটির চেয়ারম্যান পদ থেকে সরানো হয়েছে পরিচালক নাজমুল ইসলামকে। বোর্ডের সভাপতি নিজের ক্ষমতা ব্যবহার করে এ সিদ্ধান্ত কার্যকর করেছেন।

বৃহস্পতিবার (১৫ জানুয়ারি) প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে বিসিবি জানায়, সাম্প্রতিক পরিস্থিতি বিবেচনা করে এবং বোর্ডের স্বার্থে নাজমুল ইসলামকে তৎক্ষণিকভাবে দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। নতুন নির্দেশ না দেওয়া পর্যন্ত অর্থ কমিটির দায়িত্ব সাময়িকভাবে পালন করবেন বিসিবি সভাপতি নিজেই।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ক্রিকেটারদের অধিকার ও মর্যাদা রক্ষা করাই বিসিবির প্রধান অগ্রাধিকার। বোর্ডের আওতাভুক্ত সব খেলোয়াড়ের প্রতি সম্মান বজায় রাখতে তারা প্রতিশ্রুতিবদ্ধ। এ সময় বিসিবি প্রত্যাশা করেছে, চলমান চ্যালেঞ্জের মধ্যেও ক্রিকেটাররা পেশাদার আচরণ বজায় রেখে দেশের ক্রিকেট এগিয়ে নিতে কাজ করবেন। পাশাপাশি বিপিএলে নিয়মিত অংশগ্রহণ নিশ্চিত করার আহ্বানও জানানো হয়েছে।

উল্লেখ্য, এর আগে বিসিবি জানিয়েছিল, নাজমুলকে অর্থ কমিটির চেয়ারম্যান পদ থেকে সরানোর শর্তে ক্রিকেটারদের মাঠে ফিরতে হবে। অন্যথায় বিপিএল অনির্দিষ্টকালের জন্য স্থগিত করার সিদ্ধান্ত নেওয়া হবে।